[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উপজেলার নিমতলা এলাকার ‘নিমতলা দারুস সালাম অনলাইন মডেল স্কুল-এ অভিযান চালায়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস জানান, গতকাল শনিবার দুপুরে করোনাভাইরাসের সংক্রামণ রোধে সরকারি নির্দেশনা অমান্য করে উক্ত বিদ্যালয়ে নিয়মিত পাঠদান করানো হয় বলে অভিযোগ পাওয়া যায়।

এসময় বিদ্যালয়ে গিয়ে তার সত্যতা পাওয়া গেলে বিদ্যালয়ের ৫ জন শিক্ষককে আটক করা হলে তারা সরকারি নির্দেশনা অমান্যের বিষয়টি স্বীকার করেন।

পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দণ্ডবিধি ১৮৬০ এর ২৬৯ ধারায় প্রত্যেককে পাঁচ হাজার টাকা অর্থদণ্ড করা হয়।

স্বাধীনতা বিরোধীদের বিচারের আওতায় আনা হবে- হানিফ

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া ৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ বলেছেন, সারা দেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা সব যুদ্ধাপরাধী ও স্বাধীনতা বিরোধীকে বিচারের আওতায় আনা হবে।

তিনি বলেন, আজকের এই দিনে কুষ্টিয়া হানাদার মুক্ত হয়। একদিকে জেলাকে মুক্ত করার আনন্দ যেমন ছিল সবার মাঝে তেমন অন্য দিকে বুকের মধ্যে ছিল সব হারানো ব্যথা। অথচ স্বাধীনতা বিরোধীরা তখনও ছিলো এখনো আছে।

গতকাল শুক্রবার বিকেলে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয় বঙ্গবন্ধু সাংস্কৃতিক মঞ্চে জেলা প্রশাসনের আয়োজনে কুষ্টিয়া মুক্ত দিবস উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, মুক্তিযুদ্ধাদের ঠিকভাবে কোন সরকারই মূল্যায়ন করেনি

কিংবা রাষ্ট্রকর্তৃক মূল্যায়িত হয়নি। স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্যা কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা’র সরকার সূর্যসৈনিক মুক্তিযুদ্ধাদের যথাযথ মর্যাদার সাথে মূল্যায়ন করে চলেছেন এবং আগামীতে তাদের উত্তরসূরি পরিবারকে মূল্যায়নের ঘোষণা দিয়েছেন। দেশের সূর্যসন্তান মুক্তিযোদ্ধাদের আজীবন সম্মানীত করা হবে।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো.আসলাম হোসেনের সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া-১ আসনের সংসদ সদস্য আ.ক.ম সরোয়ার জাহান বাদশা, কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ, জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী, জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা,

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফীন, শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃণাল কান্তি দে, মুক্তিযোদ্ধা সংসদ কুষ্টিয়ার কমান্ডার রফিকুল আলম টুকুসহ, সরকারি দপ্তরের প্রধান, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানসহ দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। এতে শিল্পকলা একাডেমিসহ শিশু একাডেমির শিল্পীরা অংশগ্রহণ করে।

সন্ধান চাই

গত ০৫/১২/২০২০ তারিখে মেহেরপুর জেনারেল হাসপাতালে যাওয়ার পথে মোছাঃ সামেনা খাতুন (৫৫) (সাংবাদিক সহিদুলের চাচী) হারিয়ে গেছে।

তিনি এক জন মানসিক রোগী, স্বামী- মো: ইদ্রিস আলী, ঠিকানা: আমঝুপি উত্তর পাড়া, মেহেরপুর সদর, মেহেরপুর।

যদি কোন সহৃদয়বান ব্যক্তি সন্ধান পান তা হলে যোগাযোগ করুন

০১৯১৭-৬০৯৫৫২ এই মোবাইল নাম্বারে।

মেহেরপুরসহ বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল

কুষ্টিয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরের ঘটনায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুরের বিভিন্ন রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন।

মেহেরপুর সম্মিলিত সাংস্কৃতিক জোট
ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে ও জড়িতদের অবিলম্বে গ্রেফতারের দাবিতে জেলা শিল্পকলা একাডেমীর সামনে মানববন্ধন ও গণসংগীত পরিবেশন করেন মেহেরপুর সম্মিলিত সাংস্কৃতিক জোট।
এসময় উপস্থিত ছিলেন, সম্মিলিত সাংস্কৃতিক জোট এর আহবায়ক ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, সদস্য সচিব নিশান সাবের, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য। অপর দিকে পৃথকভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা যুবলীগ, জেলা সে¦চ্ছা সেবকলীগ, জেলা যুব মহিলালীগ জেলা তাঁতীলীগ ও জেলা ছাত্রলীগ। পরে প্রতিটি সংগঠন আলাদাভাবে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে সংক্ষিপ্ত সমাবেশ করে।

মেহেরপুর জেলা যুবলীগ
জেলা যুবলীগের আয়োজনে সমাবেশে বক্তব্য দেন, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদ চেয়ারম্যান গোলাম রসুল, শহর আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক আক্কাস আলী, জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জেলা আইনজীবী সমিতির সভাপতি মিয়াজান আলী, জেলা আওয়ামী লীগের সাবেক তথ্য ও গবেষণা সম্পাদক আব্দুল মান্নান, জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগ
জেলা সেচ্ছাসেবক লীগের উদ্যোগে সমাবেশে বক্তব্য দেন, জেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল আনাম বকুল, যুগ্ম-আহবায়ক মতিউর

রহমান।

জেলা মহিলা আওয়ামী লীগ
জেলা যুব মহিলা আওয়ামী লীগের উদ্যোগে প্রতিবাদ সভায় বক্তব্য দেন জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বশিরা পলি, মুজিবনগর উপজেলা সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, পৌর সভাপতি রোকসানা কামাল, শহর সাধারণ সম্পাদক মোমিনা খাতুন।

জেলা তাঁতী লীগ
জেলা তাঁতী লীগের উদ্যোগে প্রতিবাদ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য দেন জেলা তাঁতী লীগের আহবায়ক নুর ইসলাম সুবাদ, সদস্য সচিব জুয়েল রানা, সদস্য আতিয়ার রহমান, তাঁতী লীগ নেতা টিটন।

জেলা ছাত্রলীগ
জেলা ছাত্রলীগের প্রতিবাদে সমাবেশে বক্তব্য দেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধান, সহ-সভাপতি শাহাজাহান আলী, তানভির আহমেদ, দুলাল মাহমুদ, গাংনী পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলাকার নাইম বাইজিদ, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব, কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক একে কুতুব।

নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন বিএনপি’র

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচন-২০২১ বাংলাদেশ জাতীয়বাদী আইনজীবী ফোরামের নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন জানিয়েছে মেহেরপুর জেলা বিএনপি।

শনিবার সকাল ১১ টার সময় কোর্ট মোড় এলাকায় আইনজীবী ভবনের ৩য় তলায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আইনজীবী সমিতির ২০২০ সালে নির্বাচিত সাধারণ সম্পাদক এ্যাড. আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদক এ্যাড.ফরিদ উদ্দিন, জেলা বিএনপির সংগ্রামী সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, মুজিবনগর উপজেলা সভাপতি আমিরুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মীরা বক্তব্য দেন।

হৃদরোগ উপশমে অর্জুন

অর্জুন গাছের অনেক গুন রয়েছে। বৃহদাকৃতির বহুবর্ষজীবী এই উদ্ভিদটি প্রায় ১৮-২৫ মিটার উচ্চতা বিশিষ্ট হয়ে থাকে। ছাল খুব মোটা এবং ধূসর বর্ণের।

গাছ থেকে সহজেই ছাল উঠানো যায়। শীতের শেষেই সাধারণত গাছ নিষ্পত্র হয়ে যায় এবং বসন্তে নতুন পাতায় গাছ ভরে যায়।

নিম্নে অর্জুন গাছের গুণাগুন তুলে ধরা হলো;

হৃদরোগ উপশমে অর্জুন ছাল ব্যবহৃত হয়। রক্তে নিম্ন চাপ থাকরে অর্জুনের ছালের রস সেবনে উপকার হয়। রক্তক্ষরণে ৫-৬ গ্রাম ছাল রাতে পানিতে ভিজিয়ে রেখে সকালে ছেকে পানি খেলে আরোগ্য হয়।

শ্বেত বা রক্ত প্রদরে ছাল ভিজানো পানি আধ চামট কাঁচা হলুদের রস মিশিয়ে খেলে রোগের উপশন হয়। এই ছাল মুখ, জিহ্বা ও মাড়ির প্রদাহের চিকিৎসায় ব্যবহৃত হয়, এটি মাড়ির রক্তপাত বন্ধ করে। এটি সংকোচন ও জ্বর রোধক হিসেবেও কাজ করে।

এছাড়া চর্ম ও যৌন রোগে অর্জুন ব্যবহুত হয়। অর্জুন খাদ্য হজম ক্ষমতা বাড়ায়। খাদ্যতন্ত্রের ক্রিয়া স্বাভাবিক স্বাভাবিক রাখতে সাহায্য করে।

কাজিপুর সীমান্তে মদ ও গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্ত ফাঁড়ির বিজিবি সদস্যরা মদ ও গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করেছে।

শুক্রবার ভোরের দিকে গাংনী উপজেলার কাজিপুর বিজিবি সদস্যরা কাজিপুর মাঠ থেকে ১০ বোতল মদ ও ১ হাজাট পিচ গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করে।

এদিন কাজীপুর সীমান্ত ফাঁড়ির বিজিবির হাবিলদার আব্দুল মান্নানের নেতৃত্বে বিজিবির একটি টহল দল টহল শেষে ফেরার পথে মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ১০ বোতল মদ ও ১ হাজার পিচ গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করে উদ্ধার করে।

মেহেরপুরে আরও একজন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। তিনি মুজিবনগর উপজেলার বাসিন্দা।

শুক্রবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৬ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ১ জনের। আর নেগেটিভ আসে ১৫ জনের।

সূত্রে আরো জানা যায়, এ পর্যন্ত সর্বমোট নমুনা পাঠানো হয়েছে ৪৯৬৯ টি, সর্বমোট ফলাফল এসেছে ৪৮৮৬ টি, সর্বমোট পজিটিভ ৭১১ জন, সুস্থ ৬২২ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৫ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ১৮ (সদরে-০৭, গাংনীতে- ০৪ ও মুজিবনগরে- ০৭) জন।

ভিন্নসূত্রে পাওয়া পাওয়া পজিটিভের পরিচয়- মুজিবনগর উপজেলার বল্লভপুরের শতাব্দী(২০)।

খুনের ঘটনা চাপা দিতেই রেললাইনে লাশ, দু’ মাসে ২৫ মরদেহ উদ্ধার অনলাইন ডেস্ক
Currently 1.00/512345
গড় রেটিং: 1.0/5 (1 টি ভোট গৃহিত হয়েছে)

খুনের ঘটনা চাপা দিতেই রেললাইনে লাশ, দু’ মাসে ২৫ মরদেহ উদ্ধার প্রতীকী ছবি

গত দু’ মাসে শুধু পূর্বাঞ্চলের বিভিন্ন রুটে মিলেছে ২৫টি মরদেহ। রেললাইন ও এর আশপাশে মিলছে এসব লাশ। আবার বেশিরভাগ লাশই রেলের কাটার কারণে ক্ষত-বিক্ষত।

পথচারীদের অসচেতনতার কারণেই রেলে কাটার ঘটনা বাড়ছে বলে শীর্ষ কর্মকর্তারা দাবি করলেও ট্রেন পরিচালনার সঙ্গে জড়িতরা বলছেন ভিন্ন কথা।

করোনা সংক্রমণের অচলাবস্থা কাটিয়ে সেপ্টেম্বর থেকে পুরোদমে শুরু হয় রেল চলাচল। তাতেই উঠে আসছে রেললাইন কেন্দ্রিক মরদেহ পাওয়ার ভয়াবহ তথ্য। ওই মাসেই বিভিন্ন রুটে ৯টি মরদেহ পাওয়া গেলেও তার পরের মাস অর্থাৎ অক্টোবরে পাওয়া গেছে ১৬টি মরদেহ। পূর্বাঞ্চল বিভাগীয় রেলওয়ে ম্যানেজার সাদেকুর রহমান বলেন, ‘আমরা যে তথ্যগুলো পাচ্ছি সেটা সম্পূর্ণ তদন্ততাধীন, আমাদের জিআরপি পুলিশ তারা তদন্ত করেন। তো এখানে যদি অন্য কোন ঘটনা ঘটে থাকে তাহলে তারা তদন্ত করে ব্যাবস্থা গ্রহণ করবেন।’

পূর্বাঞ্চল রেলওয়ের গার্ড আবদুল্লাহ আল আমিন শামীম বলেন, ‘রেললাইনে কাটা পড়লে হয়তো তদন্তের বাইরে থাকবে সে বা ধরা ছোঁয়ার বাইরে থাকবে সে। এ কারণে বাইরে থেকে এনে রেললাইনেও ফেলে

রাখতে পারে।’

পথচারীদের অসচেতনতার পাশাপাশি রেললাইন ধরে হাঁটতে হাঁটতে মোবাইলে কথা বলার কারণে রেলের নিচে কাটা পড়ে মৃত্যুর সংখ্যা বাড়ছে বলে মনে করছেন রেলওয়ের শীর্ষ কর্মকর্তারা।

পূর্বাঞ্চল রেলওয়ের মহা-ব্যবস্থাপক সরদার সাহাদাত আলী বলেন, ‘মোবাইল নিয়ে রেললাইনে হাঁটতে থাকে তখন আর ওইদিকে খেয়াল থাকে না এ কারণেই কিন্তু রেললাইনে কাটা পড়ার সংখ্যাটা অনেকটাই বেড়ে গেছে।’

পূর্বাঞ্চল রেলওয়ের পুলিশ সুপার নওরোজ হাসান তালুকদার, ‘মাঠে-প্রান্তরে যে জায়গাগুলো সেখানে কে কখন রেললাইন পার হচ্ছে এই ব্যাপারগুলো তো আর নিয়ন্ত্রণ করা সম্ভব না।’

একমাত্র রেললাইনে নিচে কাটা পড়ে মারা যাওয়া ঘটনার তেমন অনুসন্ধান হয় না। ফলে রেললাইনে লাশ ফেলে দিয়ে রেলে কাটা পড়া বলে চালিয়ে দেওয়ার হার বাড়ছে বলে মনে করছেন রেল পরিচালনার সাথে সংশ্লিষ্টরা।

রেলওয়ের গার্ড শহীদুল ইসলাম রাশু বলেন, ‘বাইরে কোন ঘটনা ঘটছে হয়তো সেই লাশগুলো রেললাইনের পাশে এসে ফেললে সেটা সন্দেহের বাইরে থাকতে পারে। সে কারণে হয়তো এখানে এনে ফেলে রাখতে পারে।’

রেলওয়ের গার্ড ইমরুল কায়েস বলেন, ‘রেললাইনে যারা মাদক গ্রহণ করে তাদের মধ্যে অনেক সময় ঝগড়া হয়ে থাকলে সেটা ধামাচাপা দেওয়ার জন্য অনেক সময় খুন করে রেললাইনে ফেলে রেখে যায়।’

গত দু’ মাসে রেল লাইনে পাওয়া লাশগুলোর মধ্যে তরুণের সংখ্যা তুলনামূলক বেশি। ৬ জন রয়েছেন ষাটোর্ধ বৃদ্ধ।

সূত্র- বিডি প্রতিদিন